**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**www.fid.gov.bd**

বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG) এর সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার তারিখ | : ১৫ জানুয়ারি ২০২০ |
| সময় | : বেলা ০৩:০০ ঘটিকা |
| সভার সভাপতি | : এ.বি.এম রুহুল আজাদ, অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। |
| সভার স্থান | : সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৩১, ভবন নম্বর-৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) আলোচ্যসূচি মোতাবেক প্রাথমিক তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, অর্থ বিভাগ কর্তৃক "মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ সংক্রান্ত বাজেট পরিপত্র-১ ও সংশোধিত বাজেট পরিপত্র জারি হয়েছে। তিনি পরিপত্র দু'টি সভায় উপস্থাপন করেন। বাজেট পরিপত্র-১ এ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষমাত্রা নির্ধারণ, প্রস্তাবিত ব্যয়সীমা এবং সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ-এর সিলিং নির্ধারণ করা হয়েছে। পরিপত্রের নির্দেশনা মোতাবেক এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের মধ্যে বাজেট বিভাজন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং এ বিভাগের জন্য প্রাপ্ত সিলিং বিগত বছরের প্রক্ষেপণ মোতাবেক প্রাথমিকভাবে বিভাজন করার বিষয়ে আলোচনা হয়। তবে কোন প্রতিষ্ঠানের অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে তা উপস্থাপনের জন্য সভাপতি উপস্থিত সদস্যগণকে অনুরোধ করেন। সে মোতাবেক সভায় নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**ক. মন্ত্রণালয়/বিভাগসমূহের ব্যয়সীমা:** বিগত অর্থবছরের প্রক্ষেপণ এর আলোকে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রস্তাবিত বাজেট ও প্রক্ষেপণ অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান বিভাগের জন্য ব্যয় বরাদ্দ নিম্নরূপ:

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ৩০৪১,৫৬,০০ | ৩৩৬১,৯১,২৯ | ৩২০,৪৫,২৯ | ৩৩২৯,৪২,০০ | ৩৬৪৫,৭১,০০ | ৩৯০০,৯৩,০০ |

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং এ বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা, প্রোগ্রাম/কর্মসূচি, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প ও বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্পের মধ্যে প্রস্তাবিত ব্যয়সীমা নিম্নরূপভাবে বন্টন করা হলো:

**১. পরিচালন ব্যয়:** পরিচালন খাতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ব্যয় বরাদ্দ নিম্নরূপ:

**১.১. সচিবালয়:**

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| **১. সচিবালয়** | | | | | | |
| কর্মচারীদের প্রতিদান | ৫,৫২,০০ | ৫,৬০,৬৭ | ৮,৬৭ | ৬,০৫,৬২ | ৬,৫৪,০৭ | ৭,০৬,৩৯ |
| পণ্য ও সেবার ব্যবহার | ২,৪৩,০০ | ৩,৫৮,৯১ | ১,১৫,৯১ | ৪,০৩,৪৭ | ৪,৩৫,৭৫ | ৪,৭০,৬১ |
| অ-আর্থিক সম্পদ | ৪১,০০ | ৪১,০০ | ০ | ৪৬,০০ | ৪৯,৬৮ | ৫৩,৬৫ |
| সাধারণ থোক বরাদ্দ | ১১,০০ | ০ | -১১,০০ | ০ | ০ | ০ |
| **মোট সচিবালয়=** | **৮,৪৭,০০** | **৯,৬০,৫৮** | **১,১৩,৫৮** | **১০,৫৫,০৯** | **১১,৩৯,৫০** | **১২,৩০,৬৬** |

**আলোচনা:** এ বিভাগের ২০১৯-২০ অর্থবছরের জন্য বরাদ্দকৃত বেতন-ভাতা ও সরবরাহ-সেবা খাতের মধ্যে নিয়োগ কার্যক্রম, প্রশিক্ষণ এবং মোটরযান রক্ষণাবেক্ষণ উপখাতে অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রয়োজন হবে বিধায় সংশোধিত বাজেট পুনঃনির্ধরণ এবং প্রস্তাবিত ২০২০-২১ অর্থবছরে নিয়োগ সংক্রান্ত বিষয়ে ২০,০০ হাজার টাকা বৃদ্ধি এবং প্রক্ষেপণ ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের জন্য আনুপাতিক হারে বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। এছাড়া ধোলাই ভাতা উপখাতে সংশোধিত বাজেটে বরাদ্দ ধরার নিমিত্ত নতুন কোড খোলার বিষয়ে প্রস্তাব রাখা হয়।

**সিদ্ধান্ত:** আলোচনা ও যৌক্তিকতার ভিত্তিতে এ বিভাগের ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে ৯,৬০,৫৮ হাজার টাকায় পুনঃনির্ধারণ এবং ২০২০-২১ এর প্রস্তাবিত বাজেটে নিয়োগ সংক্রান্ত বিষয়ে ২০,০০ হাজার টাকা বৃদ্ধি ও ২০২১-২২ ও ২০২২-২৩ এর প্রক্ষেপণ অপরিবর্তীত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রদত্ত সিলিং অনুযায়ী আগামী ২০.০১.২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ফরমে বিভাজন প্রেরণ নিশ্চিৎ করতে হবে।

**বাস্তবায়নে:** উপসচিব, বাজেট অধিশাখা এবং সংশ্লিষ্ট শাখা/অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

### ১.২. স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান:

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| ২. **স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (১৩)** | | | | | | |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (১৩১০০১৯০০) | ১২,১০,০০ | ১২,১০,০০ | ০ | ১২,২০,০০ | ১২,৫০,০০ | ১৩,৩০,০০ |
| বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি (১৩১০০২০০০) | ২,০০,০০ | ১,৯০,০০ | -১০,০০ | ২,০০,০০ | ২,১০,০০ | ২,২০,০০ |
| বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (১৩১০০২১০০) | ২৫ | ২৫ | ০ | ২৫ | ২৫ | ২৫ |
| মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (১৩১০০২২০০) | ১০,২৪,৫০ | ২,৫৬,১২ | -৭,৬৮,৩৮ | ২৫ | ২৫ | ২৫ |
| বাংলাদেশ ব্যাংক (১৩৪০০০১০০) | ২৫ | ২৫ | ০ | ২৫ | ২৫ | ২৫ |
| বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (১৩৪০০১০০০) | ২৫ | ২৫ | ০ | ২৫ | ২৫ | ২৫ |
| **মোট স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান** | **২৪,৩৫,২৫** | **১৬,৫৬,৮৭** | **-৭,৭৮,৩৮** | **১৪,২১,০০** | **১৪,৬১,০০** | **১৫,৫১,০০** |

**আলোচনা:** মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট ও বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি এর ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপণের ক্ষেত্রে আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন সাপেক্ষে বিস্তারিত আলোচনা হয়। বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি এর সংশোধিত ২০১৯-২০ বাজেটে সংশ্লিষ্ট কর্মকর্তা ১০,০০ হাজার টাকা কম বরাদ্দের প্রস্তাব করেন এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি এর সংশোধিত ২০১৯-২০ বাজেটে সংশ্লিষ্ট কর্মকর্তা ৭,৬৮,৩৮ হাজার টাকা কম বরাদ্দের প্রস্তাব করেন। আন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ও ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপণ হ্রাস/বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি এর ক্ষেত্রে সংশোধিত ২০১৯-২০ বাজেটে সংশ্লিষ্ট কর্মকর্তার ১০,০০ হাজার টাকা কমিয়ে ১,৯০,০০ হাজার টাকা ধার্য করা এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি এর সংশোধিত ২০১৯-২০ বাজেটে ২,৫৬,১২ হাজার টাকা বরাদ্দ নির্ধারণ ও আন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশোধিত ২০১৯-২০ বাজেট এবং ২০২০-২১ অর্থবছরের প্রস্তাব ও ২০২১-২২ ও ২০২২-২৩ এর প্রক্ষেপণ অপরিবর্তিত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রদত্ত সিলিং অনুযায়ী আগামী ২০.০১.২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ফরমে বিভাজন প্রেরণ নিশ্চিৎ করতে হবে।

**বাস্তবায়নে:** উপসচিব, বাজেট অধিশাখা এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

## ১.৩. প্রোগ্রাম কর্মসূচী/ব্যবস্থাপনা:

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| **৩. প্রোগ্রাম/কর্মসূচী ব্যবস্থাপনা (১৩)** | | | | | | |
| সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) (১৩১০১৫০০০) | ০ | ৫,০০,০০ | ৫,০০,০০ | ৫,০০,০০ | ৫,০০,০০ | ০ |
| পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (১৩১০১৭০০০) | ১,০০,০০ | ২৫০,০০,০০ | ২৪৯,০০,০০ | ২৫০,০০,০০ | ২৫০,০০,০০ | ২৫০,০০,০০ |
| বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) (১৩২০১১৯০০) | ৫,০০,০০ | ৫,০০,০০ | ০ | ৬,৫০,০০ | ৭,০০,০০ | ৭,২০,০০ |
| স্বনির্ভর প্রশিক্ষণ কর্মসূচি (১৩৫০০০৯০০) | ৪,৭৫ | ০ | -৪,৭৫ | ০ | ০ | ০ |
| সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২) (১৩৫০১৫৪০০) | ১০০,০০,০০ | ৭৫,০০,০০ | -২৫,০০,০০ | ১৫০,৮৬,৩০ | ০ | ০ |
| বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (নতুন) | ০ | ১,০০,০০ | ১,০০,০০ | ১,০০,০০ | ১,০০,০০ | ১,০০,০০ |
| **মোট সাহায্য মঞ্জরি (প্রোগ্রাম/কর্মসূচি)** | **১০৬,০৪,৭৫** | **৩৩৬,০০,০০** | **২২৯,৯৫,২৫** | **৪১৩,৩৬,৩০** | **২৬৩,০০,০০** | **২৫৮,২০,০০** |

**আলোচনা:** বিএমডিএফ এর কর্মকর্তা ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে সক্ষমতা বিবেচনা করে বেশি চাহিদা প্রস্তাব করেন এবং সংশোধিত বাজেট ২০১৯-২০ এ ১ কোটি টাকা বেশি প্রস্তাব করেন। পিকেএসএফ এর ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরের প্রস্তাব ও প্রক্ষেপণে যথাক্রমে ২৫০,০০,০০ হাজার টাকা এবং ২৫০,০০,০০ হাজার টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করেন। স্বনির্ভর প্রশিক্ষণ কর্মসূচির ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যার কারণে ২০১৯-২০ এর সংশোধিত বাজেট, প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ ও ২০২২-২৩ এর প্রক্ষেপণ শূন্য কআর বিষয় আলোচনা হয়। অন্যান্য প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে প্রস্তাবকৃত বরাদ্দ অপরিবর্তিত রাখার বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন এর প্রজেক্টটি নতুন বিধায় প্রস্তাবিত ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট, প্রস্তাবিত বাজেট ২০২০-২১ এবং প্রক্ষেপণ ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের জন্য ১,০০,০০ হাজার করে বাজেট বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনা করেন।

**সিদ্ধান্ত:** পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন এর ২০২০-২১ অর্থবছরে প্রস্তাবিত বাজেটে ২৫০,০০,০০ এবং প্রক্ষপণে ২৫০,০০,০০ হাজার টাকা বরাদ্দ ধরার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। স্বনির্ভর প্রশিক্ষণ কর্মসূচির ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যার কারণে ২০১৯-২০ এর সংশোধিত বাজেট, ২০২০-২১ এর প্রস্তাবিত বাজেট এবং ২০২১-২২ ও ২০২২-২৩ এর প্রক্ষেপণে কোন বরাদ্দ না ধরার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যান্য প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে প্রস্তাবকৃত বরাদ্দ অপরিবর্তিত রাখার বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কর্মসূচিটি নতুন বিধায় প্রস্তাবিত ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে ১,০০,০০ হাজার টাকা এবং প্রস্তাবিত বাজেট ও প্রক্ষেপণ ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে ১,০০,০০ হাজার করে বরাদ্দ ধরার বিষয়ে পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে অর্থ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রদত্ত সিলিং অনুযায়ী আগামী ২০.০১.২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ফরমে বিভাজন প্রেরণ নিশ্চিৎ করতে হবে।

**বাস্তবায়নে:** উপসচিব, প্রকল্প অধিশাখা-১ ও ২ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কর্মসূচি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**২. উন্নয়ন প্রকল্প:** আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জন্য বরাদ্দকৃত উন্নয়ন বাজেট নিম্নরূপ :

**২.১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত উন্নয়ন প্রকল্প:**

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| **৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প (২১)** | | | | | | |
| ফাইন্যান্সিং ব্রিক কিলন ইফিসিয়েন্সী ইমপ্রুভমেন্ট প্রকল্প (বিকেইপি) (২১২০০০৩০০) | ১৫০,০০,০০ | ১৪৭,২৩,০০ | -২,৭৭,০০ | ০ | মেয়াদ ২০১৯ এ শেষ | |
| ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট প্রমোশন প্রজেক্ট (এফডিআইপিপি) (২১২০০০৪০০) | ৪২,০০,০০ | ৬২,০০,০০ | ২০,০০,০০ | ৬০,০০,০০ | ৬০০০০০ | ৬০,০০,০০ |
| আরবান বিল্ডিং সেফটি প্রোজেক্ট (ইউবিএসপি) (২১২০০০৫০০) | ১১৩,০০,০০ | ৫৬,৫০,০০ | -৫৬,৫০,০০ | ১৮৩,৯৬,০০ | ০ | ০ |
| ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি) (২১২০০১০০০) | ২৪৩,৫২,৯২ | ৫৫৮,৫৯,১০ | ৩১৫,০৬,১৮ | ৮৪,৫৯,৪৭ | ০ | ০ |
| সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২) (২১২০০২৫০০) | ৩৭৫,০০,০০ | ৩৭৫,০০,০০ | ০ | ৭৩৬,৩০,৯৪ | ০ | ০ |
| পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) (২১২০০২৬০০) | ৭৮৫,০০,০০ | ৮০০,০০,০০ | ১৫,০০,০০ | ৫৬৬,১৭,১২ | ৪৩৯,০০,০০ | ১৮৭,০০,০০ |
| বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) (২১২০০২৭০০) | ২১৮,০০,০০ | ২১৮,০০,০০ | ০ | ৩০০,০০,০০ | ২০৮,০০,০০ | ০ |
| সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) (২১২০০২৮০০) | ২৩৫,০০,০০ | ২৩৫,০০,০০ | ০ | ৬০,০০,০০ | ০ | ০ |
| স্মল এন্ড মার্জিনাল সাইজড ফারমার্স এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি ইমপ্রুভমেন্ট এন্ড ডাইভারসিফিকেশন ফাইন্যান্সিং প্রজেক্ট (২১২০০২৯০০) | ৫,০০,০০ | ৫,০০,০০ | ০ | ৫,২৪,৬৮ | মেয়াদ ২০২১ এ শেষ | ০ |
| বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন প্রকল্প (২১২০০৩০০১) | ৯০,০০,০০ | ৯০,০০,০০ | ০ | ১৩৯,৭৩,৪০ | ১৮৬,৩১,২০ | ৪৯,৭৩,৪০ |
| রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফিন্যান্স প্রজেক্ট (২১২০০৩১০০) | ৪৮৯,৯৫,০৮ | ৩৪৫,০৪,৮৯ | -১৪৪,৯০,১৯ | ২৭০,৮১,৭৮ | ১৪২,৪৭,৪৯ | ০ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| **মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প** | **২৭৪৬,৪৮,০০** | **২৮৯২,৩৬,৯৯** | ১৪৫,৮৮,৯৯ | **২৪০৬,৮৩,৩৯** | **১০৩৫,৭৮,৬৯** | **২৯৬,৭৩,৪০** |

**আলোচনা:** ফাইন্যান্সিং ব্রিক কিলন ইফিসিয়েন্সী ইমপ্রুভমেন্ট প্রকল্প (বিকেইপি) প্রকল্পটির মেয়াদ আগামী ২০২০-২১ অর্থবছরে শেষ হবে বলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে সক্ষমতা বিবেচনায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট অপরিবর্তীত রাখার প্রস্তাব করেন। অন্যান্য প্রকল্পসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ও ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপণ অপরিবর্তিত রাখার বিষয়ে আলোচনা করেন। বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন প্রকল্পটি নতুন বিধায় ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বরাদ্দ ১৩৯,৭৩,৪০ হাজার টাকা এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপণে যথাক্রমে ১৮৬,৩১,২০ ও ৪৯,৭৩,৪০ হাজার টাকা বরাদ্দ ধরার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনা করেন।

**সিদ্ধান্ত:** বার্ষিক উন্নয়ন কর্মসূচি বর্হিভূত প্রকল্পের ক্ষেত্রে প্রস্তাব অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন শীর্ষক নতুন প্রকল্পটির ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবনা ১৩৯,৭৩,৪০ হাজার টাকা এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপণে যথাক্রমে ১৮৬,৩১,২০ ও ৪৯,৭৩,৪০ হাজার টাকা বরাদ্দ ধরার বিষয়ে পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে অর্থ বরাদ্দের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রদত্ত সিলিং অনুযায়ী আগামী ২০.০১.২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ফরমে বিভাজন প্রেরণ নিশ্চিৎ করতে হবে।

**বাস্তবায়নে:** উপসচিব, প্রকল্প অধিশাখা-১ ও ২ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কর্মসূচি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**২.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্প:**

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| **৫. বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প (২২)** | | | | | | |
| ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি) (২২৩০০১৩০০) | ৩৪,০৬,০০ | ৪০,২৫,০০ | ৬,১৯,০০ | ৬৬,৯০,০০ | মেয়াদ ২০২০ এ শেষ | |
| পুজিবাজার উন্নয়ন কর্মসূচি-৩ (২য় পর্যায়) (২২৩০৩২০০০) | ১৬,৬৩,০০ | ১৭,৩৩,২০ | ৭০,২০ | ০ | মেয়াদ ২০২০ এ শেষ | |
| বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন প্রকল্প (২২৩০৩২২০০) | ৬,০০,০০ | ১,০২,৪০ | -৪,৯৭,৬০ | ৩৭,৭৪,২২ | ১৯,৪৪,০০ | ৭,৮৪,৯৮ |
| সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২) (২২৩০৩২৩০০) | ১২,৫০,০০ | ৬,০০,০০ | -৬,৫০,০০ | ৭,৭৬,৯০ | মেয়াদ ২০২০ এ শেষ | |
| বাংলাদেশ বীমা খাত উন্নয়ন প্রকল্প (২২৪২২৩৯০০) | ৮৫,২৩,০০ | ৪২,৭৬,২৫ | -৪২,৪৬,৭৫ | ২২৭,৬৭,৫০ | ৩০৬,৭৯,৪১ | ৪৭,৬৬,৯৩ |
| **মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প** | **১৫৪,৪২,০০** | **১০৭,৩৬,৮৫** | -৪৭,০৫,১৫ | **৩৪০,০৮,৬২** | **৩২৬,২৩,৪১** | **৫৫,৫১,৯১** |

**আলোচনা:** এ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত প্রকল্পসমূহের সক্ষমতা বিবেচনায় সংশোধিত বাজেট ২০১৯-২০ অর্থবছরে পুজিবাজার উন্নয়ন কর্মসূচি-৩ (২য় পর্যায়) এর ক্ষেত্রে বেশি এবং অন্যান্য প্রকল্পসমূহের বরাদ্দ কম ধরার বিষয়ে আলোচনা হয়। উল্লিখিত ছক অনুযায়ী উক্ত প্রকল্পসমূহের ২০১৯-২০ অর্থবছরের প্রস্তাবিত এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের প্রক্ষেপণ অপরিবর্তীত রাখার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনা করেন।

**সিদ্ধান্ত:** এ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত প্রকল্পসমূহের সক্ষমতা বিবেচনায় সংশোধিত বাজেট ২০১৮-১৯ অর্থবছরে পুজিবাজার উন্নয়ন কর্মসূচি-৩ (২য় পর্যায়) এবং ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট এর ক্ষেত্রে বেশি এবং অন্যান্য

প্রকল্পসমূহের বরাদ্দ কমিয়ে আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লিখিত ছক অনুযায়ী উক্ত প্রকল্পসমূহের ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বরাদ্দ পুনঃনির্ধারণ ও ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপণ অপরিবর্তীত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রদত্ত সিলিং অনুযায়ী আগামী ২০.০১.২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ফরমে বিভাজন প্রেরণ নিশ্চিৎ করতে হবে।

**বাস্তবায়নে:** উপসচিব, প্রকল্প অধিশাখা-১ ও ২ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রকল্প/কর্মসূচি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**৩. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট, ২০২০-২১ অর্থবছরের জন্য প্রস্তাবিত ব্যয়সীমা এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপণ:**

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| মোট পরিচালন (১+২+৩) | ১৩৮,৮৭,০০ | ৩৬২,১৭,৪৫ | ২২৩,৩০,৪৫ | ৪৩৮,১২,৩৯ | ২৮৯,০০,৫০ | ২৮৬,০১,৬৬ |
| অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক (২২১০০০১১২) | ১,৬৯,০০ | ০ | -১,৬৯,০০ | ১৪৪,৩৭,৬০ | ১৯৯৪,৬৮,৪০ | ৩২৬২,৬৬,০৩ |
| মোট উন্নয়ন প্রকল্প (৪+৫) | ২৯০০,৯০,০০ | ২৯৯৯,৭৩,৮৪ | ৯৮,৮৩,৮৪ | ২৭৪৬,৯২,০১ | ১৩৬২,০২,১০ | ৩৫২,২৫,৩১ |
| **মোট ব্যয় (পরিচালন+উন্নয়ন+থোক)** | **৩০৪১,৪৬,০০** | **৩৩৬১,৯১,২৯** | **৩২০,৪৫,২৯** | **৩৩২৯,৪২,০০** | **৩৬৪৫,৭১,০০** | **৩৯০০,৯৩,০০** |

পর্যালোচনান্তে দেখা যায়, ২০১৯-২০ অর্থবছরে সংশোধিত বাজেটে **৩২০,৪৫,২৯** হাজার টাকা বেশি বরাদ্দের প্রয়োজন হবে এবং অর্থ বিভাগ কর্তৃক প্রাপ্ত সিলিং হতে ২০২০-২১ অর্থবছরে প্রস্তাবিত বাজেটে ১৪৪,৩৭,৬০ হাজার টাকা এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের প্রক্ষেপণে যথাক্রমে ১৯৯৪,৬৮,৪০ হাজার এবং ৩২৬২,৬৬,০৩ হাজার টাকা কম বরাদ্দের প্রয়োজন হবে যা অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ হিসেবে রাখা হয়েছে।

**খ. রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপন:** এ বিভাগের প্রস্তাবিত বাজেট ২০১৯-২০ এবং প্রক্ষেপণ ২০২০-২১ এবং ২০২১-২২, ২০২২-২৩ নিম্নরূপভাবে বন্টন করা হয়েছে:

**(হাজার টাকায়)**

| বিভাগ/অধিদপ্তর/সংস্থা | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | **২৬৯,৭৭,০০** | **২৬৯,৭৭,০০** | **০** | **২৯৬,৭৫,০০** | **৩২৬,৪২,০০** | **৩৫৯,০৬,০০** |

**আলোচনা:** উক্ত প্রাপ্তি বাজেট সচিবালয় এবং বিভিন্ন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে বিভাজন করা হয়। সচিবালয় অংশের রাজস্ব প্রাপ্তি মূলত গৃহ নির্মাণ অগ্রিম, কম্পিউটার অগ্রিম, ও মটর গাড়ি অগ্রিমের সুদ, সরকারী যানবাহনের ব্যবহার, টেন্ডার ও অন্যান্য দলিলপত্র, অব্যবহৃত দ্রব্যাদি, স্ক্র্যাপ ইত্যাদি ও বিবিধ রাজস্ব প্রাপ্তি হতে অর্জিত হয়। স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিভিন্ন ব্যাংক, বীমা এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বাজেট পুস্তকে রাজস্ব প্রাপ্তি হিসেবে প্রদর্শিত হয়।

এ বিভাগের প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির সিলিং সচিবালয় এবং স্বায়ত্তশাসিত অন্যান্য প্রতিষ্ঠান (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) এর মধ্যে নিম্নরূপভাবে বন্টন করা হয়েছে:

**(হাজার টাকায়)**

| বিভাগ/অধিদপ্তর/সংস্থা | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |

| বিভাগ/অধিদপ্তর/সংস্থা | বাজেট | সংশোধিত বাজেট | হ্রাস/বৃদ্ধি | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| সচিবালয় | ১৩,২০,২১ | ১৩,২০,২১ | ০ | ১৪,৭৮,৬৪ | ১৬,৫৬,০৭ | ১৮,৫৪,৮০ |
| স্বায়ত্তশাসিত অন্যান্য প্রতিষ্ঠান | ২৫৬,৫৬,৭৯ | ২৫৬,৫৬,৭৯ | ০ | ২৮১,৯৬,৩৬ | ৩০৯,৮৫,৯৩ | ৩৪০,৫১,২০ |
| **সর্বমোট রাজস্ব প্রাপ্তি** | **২৬৯,৭৭,০০** | **২৬৯,৭৭,০০** | **০** | **২৯৬,৭৫,০০** | **৩২৬,৪২,০০** | **৩৫৯,০৬,০০** |

**সিদ্ধান্ত:** রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণের ক্ষেত্রে বাজেট প্রাপ্তির লক্ষ্যমাত্রা চূড়ান্তকরণের পূর্বে এ বিভাগ ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে নন-ট্যাক্স রেভিনিউ বিষয়ক সভা অনুষ্ঠানের মাধ্যমে চূড়ান্ত করতে হবে।

**বাস্তবায়নে:** উপসচিব, বাজেট এবং সংশ্লিষ্ট ব্যাংক/বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**গ. সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ:**

**(হাজার টাকায়)**

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সাহায্য ২০১৯-২০ | প্রকল্প সাহায্য ২০২০-২১ |
|---|---|---|---|
| ১১২ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ১৮,০০,০০ | ১২১,৭৮,০০ |

**আলোচনা:** বিগত অর্থবছরের তুলনায় বেশি পরিমাণ সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ প্রদর্শিত হচ্ছে বলে সভায় তুলে ধরা হয়।

**সিদ্ধান্ত:** সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ যথাযথভাবে সমন্বয়ের মাধ্যমে ব্যবহার নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে:** উপসচিব, প্রকল্প অধিশাখা-১ ও ২ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রকল্প/কর্মসূচি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশোধিত বাজেট ও অতিরিক্ত বরাদ্দ প্রস্তাবের যৌক্তিকতা পরবর্তী বিএমসি সভায় উপস্থাপনের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০১/২০২০

(এ.বি.এম রুহুল আজাদ)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

**বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা- (এ বিভাগের আওতাভুক্ত প্রকল্প সংক্রান্ত)।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, ঢাকা- (এ বিভাগের আওতাভুক্ত প্রকল্প সংক্রান্ত)।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা, এসবিসি টাওয়ার, ঢাকা- (এ বিভাগের আওতাভুক্ত প্রকল্প সংক্রান্ত)।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেঁশা প্লাজা (৮ম তলা), বড় মগবাজার, ঢাকা-১২১৭।
৫। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বিজিআইসি টাওয়ার (৪র্থ তলা), ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।
৬। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।

৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা-(এ বিভাগের আওতাভুক্ত প্রকল্প সংক্রান্ত)।
৮। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড হাউস, হোল্ডিং ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা।
১১। ব্যবস্থাপনা পরিচালক, স্বনির্ভর বাংলাদেশ, ৪/৫, ব্লক-সি, লালমাটিয়া, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
১৩। উপসচিব, বাজেট-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৪। উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৫। পরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
১৬। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
১৭। উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ (পামস্টেক উইং), পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা।
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। প্রোগ্রামার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-ওয়েবসাইটের বাজেট ও প্রকল্প>পরিপত্র/সার্কুলার ও বাজেট কমিটি>বাজেট ওয়ারকিং গ্রুপ (BWG) কার্যবিবরণী অংশে প্রদর্শনের অনুরোধসহ।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এর ব্যক্তিগত কমকর্তা, অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

(মোসাম্মাৎ জোহরা খাতুন)
উপসচিব